

সভা নং- ১৩

সভাপতি : মোঃ শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৫/১২/২০২১ খ্রিঃ ।

সময়ঃ-১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	তারিকুল ইসলাম, চেয়ারম্যান, কাকড়াঙ্গান, ইউ, পি	স্বাক্ষরিত
০৩।	আব্দুল মান্নান, চেয়ারম্যান, গজারিয়া ইউ, পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

(ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা

(খ) যুব ঋণ ও খেলাপী ঋণ

(গ) নতুন প্রকল্প গ্রহন

(ঘ) বিবিধ আলোচনা ।

অদ্য ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে শুনান, কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় ।

(১) যুব প্রশিক্ষণ :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে প্রতি ব্যাচে ২৫ জন করে ১৪ টি ব্যাচে মোট ৩৫০ জন বেকার যুব/যুব মহিলাদের কে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা দেয়া হয়েছে ।

সিদ্ধান্ত :- সরকারের নীতিমালা এবং নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা পূরণ করে এবং পরবর্তী কার্যক্রম সঠিকভাবে পালন করার জন্য সভাপতি সহ সকল সদস্যদের পরামর্শ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) যুব ঋণ ও খেলাপী ঋণের আলোচনা :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে (২০২১-২০২২) অর্থ বছরে মোট ৪৯,৩০,০০০/=(উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার) টাকা যুবদের ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। আমরা এ পর্যন্ত ২১,৬০,০০০ টাকা বিতরণ করেছি। এ ছাড়া আমরা সখিপুর উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ে প্রায় ১১,০০,০০০ টাকা যুব ঋণ খেলাপী রয়েছে। যা কোন ক্রমেই আদায় করা যাচ্ছে না। সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের নিয়ে খেলাপী আদায়ে প্রচেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত :- সরকারের নীতিমালার ভিত্তিতে প্রকৃত প্রকল্প গ্রহণকারী যুবদের ঋণ সহায়তা দেয়া ও খেলাপী ঋণ আদায়ের চেষ্টা অব্যাহত রাখতে হবে। খেলাপী ঋণ পরিশোধের তাগাদা নোটিশ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) নতুন প্রকল্প গ্রহণ আলোচনা :- নতুন প্রকল্প গ্রহণের জন্য অত্র কমিটির সন্মানিত সদস্য জনাব জাহানারা লুৎফা আনোয়ারা সভাকে বলেন যে, বর্তমান পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে যুবরা যাতে মাদক গ্রহণ বা খারাপ কোন কাজে যেতে না পারে সে জন্য তাদের সংগঠন ভিত্তিক খেলাধুলা সরঞ্জাম বিতরণ করতে পারলে সামাজিকভাবে যুবদের অপরাধ জগত হতে ফিরিয়ে আনা সম্ভব হবে।

সিদ্ধান্তঃ- মাদক সেবন ও অন্যান্য অপরাধমূলক কর্মকান্ড হতে যুবদেরকে সঠিক পথে পরিচালনার জন্য সরকারের তহবিল / উপজেলা পরিষদ হতে কিছু ফান্ড সরবরাহ করে খেলাধুলা সামগ্রী বিতরণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ- সভাপতি মহোদয় উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং যথযথভাবে সরকারী কার্যক্রম নীতিমালা অনুযায়ী পরিচালনার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

অতঃপর আর আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সন্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান
সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২-
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ ১৫/১২/২০২১ খ্রিঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।


(মোঃ শাহ আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সখিপুর, টাঙ্গাইল।